কালীগঞ্জে সাংবাদিকদের সাথে বিএনপি নেতা হামিদের মতবিনিময়

ঝিনাইদহের কালীগঞ্জে কর্মরত সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন সাবেক প্যানেল মেয়র ও কালীগঞ্জ উপজেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম আহবায়ক হামিদুল ইসলাম হামিদ।

আজ শনিবার(৩১ আগষ্ট) সকালে শহরের ফয়লা রোডস্থ বিএনপির দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত মতবিনিময় সভায় হামিদ বলেন, সাংবাদিকরা স্বাধীনভাবে লেখনির মাধ্যমে দেশের মানুষের পাশে থাকেন। আওয়ামী দুঃশাসনে সে পথ বন্ধ হয়ে গিয়েছিল। তাই সত্য ও ন্যায়ের পক্ষে সাংবাদিকরা যাতে অগ্রনী ভুমিকা রাখতে পারে এজন্য আমাদের নেতা দেশ নায়ক তারেক রহমান নির্দেশনা দিয়েছেন।

হামিদ বলেন, কালীগঞ্জের সকল শ্রেণি পেশার মানুষকে নিরাপদ রাখতে ও সুন্দর পরিবেশ গড়ে তুলতে সাংবাদিকদের ভূমিকা অপরিসীম। বর্তমানে স্বৈরাচারী আ’লীগ সরকারের পতনের পর শেখ হাসিনা ভারতে বসে যড়যন্ত্র করছে। তারা বিএনপিকে বিতর্কিত করতে চায়।

তিনি আরও বলেন, বিএনপি বা আমার নাম ভাঙ্গিয়ে কেউ অপকর্ম চাঁদাবাজি করলে জানাবেন। আমি তাদের বিরুদ্ধে তাৎক্ষনিক ব্যবস্থা নেব। আগামী দিনে স্বচ্ছভাবে কালীগঞ্জকে এগিয়ে নিতে সাংবাদিকদের সহযোগিতা কামনা করেন তিনি।

কালীগঞ্জ উপজেলা বিএনপি’র নেতা আনোয়ার হোসেন রবির সঞ্চালনায় মতবিনিময়ে আরো উপস্থিত ছিলেন, কালীগঞ্জ উপজেলা বিএনপির যুগ্ন আহব্বায়ক সাবেক ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদ, উপজেলা বিএনপির সদস্য গোলাম রব্বানী, সাবেক ইউপি চেয়ারম্যান নজরুল ইসলাম মোল্লা, প্রভাষক এমএ মজিদ, বিএনপি নেতা মাহবুবুর রহমান মিলন ও মোজাম্মেল হোসেনসহ দলটির অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

কালীগঞ্জে ট্রাফিকের দায়িত্বে থাকা শিক্ষার্থীদের দুপুরের খাবার দিল ফারিয়া

ফার্মাসিটিক্যাল রিপ্রেজেন্টেটিভ এ্যাসেসিয়েশন (ফারিয়া) ঝিনাইদহের কালীগঞ্জে শাখার উদোগে শহরের মেইন বাসটার্মিনাল ট্রাফিক মোড়ে শিক্সার্থীদের মধ্যে দুপুরের খাবারের বিতরণ করেন। শিক্ষার্থী গত কয়েকদিন ধরে শহরের উপর দিয়ে চলাচলকারী যানবাহন নিয়ন্ত্রনে ট্রাফিকের কাজ করছে। ট্রাফিকের দ্বায়িত্ব পালন করা শিক্ষার্থীদের পাশে এসে দাড়িয়েছে স্থানীয় ব্যবসায়ী ও সামাজিক সংগঠন ও ব্যক্তি।

আজ শনিবার শহরের ট্রাফিকের দ্বায়িত্ব পালন করে ২৮ জন শিক্ষার্থী। এসব শিক্ষার্থীদের মধ্যে খাবার বিতরণ করেন ফারিয়া। উপস্থিত ছিলেন সংগটনের সভাপতি আশিকুর রহমান সোহাগ, সম্পাদক হুমায়ুন কবির ও সাংগঠনিক সম্পাদক বিকুজ্জামানসহ নেতৃবৃন্দ।

একই সময় শিক্ষার্থীদের মধ্যে পানিয় ও কমল পানি বিতরণ করেন আরটিভির জেলা প্রতিনিধি ও বিশিষ্ট ব্যবসায়ী শিপলু জামান।

কালীগঞ্জে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার রেল স্টেশন এলাকা থেকে ফেন্সিডিলসহ রনি আহমেদ (২২) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

গতকাল শুক্রবার রাত সাড়ে ১০ টার দিকে তাকে আটক করা হয়। আটক রনি চৌগাছা উপজেলার রামকৃষ্ণপুর গ্রামের রিজাউল ইসলামের ছেলে।

ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মীর আবিদুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে রেল স্টেশন এলাকায় অভিযান চালিয়ে

চৌগাছা উপজেলার রামকৃষ্ণপুর গ্রামের রনিকে আটক করা হয়। এসময় তার সাথে থাকা ট্রলি থেকে ১০০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। ট্রেনে করে এই ফেন্সিডিল ঢাকায় নিয়ে যাওয়া হচ্ছিল বলে প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানিয়েছে আটক রনি। তাকে দুপুরে আদালতে প্রেরণ করা হয়েছে।

এমপি আনার হত্যাকারীদের শাস্তির দাবিতে কালীগঞ্জে ব্যবসায়ীদের মানববন্ধন

ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য ও কালীগঞ্জ উপজেলা আওয়ামীলীগের সভাপতি আনোয়ারুল আজিম আনার হত্যাকারীদের শাস্তির দাবিতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে কালীগঞ্জ শহরে বাজার ব্যবসায়ী সমিতির উদ্দোগে এ মানববন্ধন কর্মসূচীর আয়োজন করা হয়।

মানববন্ধনে উপস্থিত ছিলেন, কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ, উপজেলা যুবলীগের সাধারন সম্পাদক জাহাঙ্গীর হোসেন সোহেল, নিহত এমপি আনারের মেয়ে মুমতারিন ফেরদৌস ডরিন, বাজার ব্যবসায়ী সমিুতির সভাপতি আসাদুল ইসলাম, সাধারন সম্পাদক এমদাদুল হক ইন্তা, সাংগঠনিক সম্পাদক জহুরুল ইসলাম বিপ্লবসহ স্থানীয় বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।

এছাড়া মানববন্ধনে বাংলাদেশ ক্যামিষ্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির কালীগঞ্জ উপজেলা শাখার সদস্যরা অংশ নেন। মানববন্ধনে উপস্থিত ব্যবসায়ী নেতারা এমপি আনার হত্যাকারীদের দ্রুত দৃষ্টান্তমূলক শস্তির দাবি জানান।

প্রসঙ্গত, গত ১২ মে চিকিৎসার জন্য দর্শনার গেদে বন্দর পার হয়ে ভারতের পশ্চিবঙ্গে যান এমপি আনোয়ারুল আজিম আনার। ১৩ মে থেকে নিখোঁজ হন এমপি। ২২ মে পশ্চিমবঙ্গ রাজ্যের বিধাননগরের নিউটাউন

এলাকায় সঞ্জিভা গার্ডেনে খুন হয়েছে বলে সংবাদ আসে। পরে বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী তার মৃত্যুর সংবাদ জানিয়ে বিবৃতি দেন। আনার ভারতীয় সীমান্ত এলাকা ঝিনাইদহ-৪ আসনের টানা তিনবারের সংসদ সদস্য (এমপি) ও কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সভাপতি ছিলেন।

ঝিনাইদহের কালীগঞ্জে ট্রেনে কাটা পড়ে অজ্ঞাত বৃদ্ধের মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে ট্রেনে কাটা পড়ে অজ্ঞাতপরিচয়ের (৬০) এক বৃদ্ধ ব্যক্তি নিহত হয়েছেন।

আজ মঙ্গলবার(1 দুপুরে মোবারকগঞ্জ রেলস্টেশন সংলগ্ন চাঁচড়া রেলগেট এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ওই ব্যক্তি রেললাইনের ওপর দিয়ে হাটছিলেন। সেসময় ট্রেন আসলেও তিনি লাইন থেকে সরেননি। ফলে ট্রেনের ধাক্কায় ছিটকে পড়ে ঘটনাস্থলে তার মৃত্যু হয়।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন মাস্টার শেখ মামুনুর রশিদ জানান, খবর পেয়ে দুপুর ১টার দিকে চাচড়া এলাকার রেললাইনের পাশ থেকে মরদেহটি উদ্ধার করে থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। এখনো পর্যন্ত ওই ব্যক্তির কোনো পরিচয় পাওয়া যায়নি।

ঝিনাইদহ সদরে মাসুম ও

কালীগঞ্জে শিবলী নোমানী চেয়ারম্যান নির্বাচিত

ঝিনাইদহ সদর উপজেলা পরিষদ নির্বাচনে মিজানুর রহমান মাসুম বিজয়ী হয়েছেন। তিনি ৩৫৫৩৮ ভোট পেয়ে বেসরকারী ভাবে নির্বাচিত হন। তার নিকটমতম প্রতিদ্বন্দ্বি জে এম রশিদুল আলম পেয়েছেন ৩০৭৫৫ ভোট। ৪৭৮৩ ভোট বেশি পেয়ে মিজানুর রহমান মাসুম জয়ী হন।

এছাড়া সদর উপজেলায় ভাইস চেয়ারম্যান পদে আব্দুল্লাহ ইবনে আব্বাস ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে বর্ষা খাতুন (হিজড়া) বেসরকারী ভাবে নির্বাচিত হয়েছেন।

এদিকে একইদিনের কালীগঞ্জ উপজেলা নির্বাচনে মোতিয়ার রহমান মতিকে পরাজিত করে বর্তমান ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী বেসরকারী ভাবে চেয়ারম্যান নির্বাচিত হয়েছে। এছাড়া কালীগঞ্জ উপজেলা ভাইস চেয়ারম্যান পদে শফিকুজ্জামান রাসেল এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদে শাহানাজ পারভিন বেসরকারী ভাবে নির্বাচিত হয়েছে। দুই উপজেলায় শান্তিপূর্ণভাবে ভোট গ্রহন অনুষ্ঠিত হয়েছে।

ঝিনাইদহের কালীগঞ্জে যৌতুকের জন্য নির্যাতন করে গৃহবধুকে হ*ত্যা

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বারোবাজার ইউনিয়নের বেলাট দৌলতপুর গ্রামের মৃত কাজী মশিয়ার রহমানের মেয়ে সাবিনা ইয়াছমিন লাকী। বাবা মায়ের ৬ সন্তানের মধ্যে লাকি ছিলো ৪ নম্বর সন্তান।

২০০২ সালে পারিবারিক ভাবে চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার খয়েরহুদা গ্রামের মৃত আব্দুর রহিম খানের ছেলে ফারুক হোসেনের সাথে বিয়ে হয়। বিয়ের পরে দাম্পত্য জীবনে তাদের ২ টি সন্তানের জন্ম হয়। ২

সন্তান নিয়ে সুখেই চলছিলো তাদের সংসার। বিয়ের কয়েক বছর পর ২০১৯ সালে হঠাৎ লাকির কাছে ৫ লাখ টাকা যৌতুক দাবী করে ফারুক হোসেন। টাকা দিতে না পারায় বেধড়ক মারপিটসহ নানা ভাবে নির্যাতন শুরু করে যৌতুকলোভী ফারুক হোসেন। দিন দিন বাড়ে তার অত্যাচারের পরিমান। নির্যাতনের কারণে ওই সময় হাসপাতালে ভর্তি হতেও হয়েছিলো লাকিকে।

সেই সময় পরিবার থেকে শালিশী বৈঠক করে মিমাংসা করে দেয়। এরপর ও থেমে থাকেনি ফারুক হোসেন। দিনের পর দিন বাবার বাড়ী থেকে টাকা আনার জন্য মারধর নির্যাতন শুরু করে। বাবা ২০০৯ সালে মারা যাওয়ার পর সংসার ভার পরে তার ভাই জামিরুল ইসলামের উপর। যৌতুকলোভী ফারুক দিনের পর দিন যৌতুকের জন্য চাপ দিলে উপায় না পেয়ে লাকি ভাইয়ের কাছে চলে যায়। বোনের সুখের কথা চিন্তা করে ভাই জামিরুল মাঝে মাঝেই টাকা দিতো।

সর্বশেষ গত ১০ এপ্রিল আবারো যৌতুক দাবী করে ফারুক হোসেন। এবার লাকি টাকা আনার কথা অস্বীকার করলে শুরু হয় অকথ্য নির্যাতন। পিটিয়ে গুরুতর আহত করে হত্যা করে। পরে মুখে বিষ ঢেলে হত্যার ঘটনা ধামাচাপা দিতে আত্মহত্যা বলে চালানোর চেষ্টা করে। পরিবার থেকে বিষয়টি জানার পর অভিযোগ করলে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়। এ ঘটনায় থানায় মামলা দিয়ে থানা মামলা নিতে অস্বীকার করে। পরে বিচারের আশায় চুয়াডাঙ্গা আদালতে মামলা দায়ের করেছে তার ভাই জামিরুল ইসলাম।

ভাই জামিরুল ইসলাম অভিযোগ করে বলেন, টাকার জন্য আমার বোনকে হত্যা করা হয়েছে। আমি থানায় মামলা দিলে থানা মামলা নেয়নি। আমি আদালতে মামলা করেছি। আমি আমার বোন হত্যার বিচার চাই। আমি চাই আর কোন ভাই যেন যৌতুকের কারণে বোন হারা না হয়।

ঝিনাইদহে কালীগঞ্জে সড়ক দুর্ঘটনায় ব্যাংক কর্মকর্তা

নিহত

ঝিনাইদহের কালীগঞ্জে মোটরসাইকেল থেকে পড়ে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে হাসানুজ্জামান (৪৫) নামে এক ব্যাংক কর্মকর্তা নিহত হয়েছেন। আজ সোমবার ভোর সাড়ে ৫টার দিকে কালীগঞ্জ মেইন বাসস্ট্যান্ড এলাকায় এই দুর্ঘটনা ঘটে।

নিহত হাসানুজ্জামান ঝিনাইদহ সদর উপজেলার নারিকেলবাড়িয়া এলাকার শমসের আলীর ছেলে। তিনি সাতক্ষীরায় আইএফআইসি ব্যাংকের ম্যানেজার হিসেবে কর্মরত ছিলেন।

প্রত্যক্ষদর্শীরা জানায়, ভোরে মোটরসাইকেলযোগে ঝিনাইদহ থেকে সাতক্ষীরায় যাচ্ছিলেন হাসানুজ্জামান। পথিমধ্যে কালীগঞ্জ মেইন বাসস্ট্যান্ড এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা অপর একটি মোটরসাইকেলের সঙ্গে ধাক্কা লাগে। এ সময় তিনি সড়কের ওপরে পড়ে গেলে পিছন দিক থেকে আসা একটি ট্রাক তাকে চাপা দিয়ে পিষ্ট করে। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। পরে ফায়ার সার্ভিসের কর্মীরা এসে ছিন্নবিচ্ছিন্ন মরদেহ উদ্ধার করে।

কালীগঞ্জ থানার এস আই মহিদুল ইসলাম জানান, ভোরে ট্রাকচাপায় এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছে। ঘাতক ট্রাক, চালক ও হেলপারকে আটক করেছে পুলিশ।

ঝিনাইদহের কালীগঞ্জে ভুল চিকিৎসায় প্রসূতির মৃত্যু

ঝিনাইদহের পর এবার কালীগঞ্জের দারুস-শেফা প্রাইভেট হাসপাতালে ভুল চিকিৎসায় লাভলী বেগম (২৬) নামে এক প্রসূতির মৃত্যুর অভিযোগ উঠেছে।

গতকাল শুক্রবার রাতে তার মৃত্যু হয়। লাভলী খাতুন জেলার হরিণাকুন্ডু উপজেলার তৈলটুপী গ্রামের এনামুল কবিরের স্ত্রী। এই

দম্পতির সাফি নামে ৭ বছরের এক ছেলে সন্তান রয়েছে। স্বামীর চাকরির কারণে তারা কালীগঞ্জ শহরে থাকতেন।

স্বজনরা জানায়, গতকাল শুক্রবার সকাল সাড়ে ১১ টার দিকে শহরের দারুস-শেফা প্রাইভেট হাসপাতালে ভর্তি করা হয় শেফালীকে। সেখানে তার শরীরে অস্ত্রপ্রচার করেন চিকিৎসক রেক্সোনা পারভীন ইলোরা। অস্ত্রপ্রচারের মাধ্যমে লাভলী বেগম কন্যা সন্তানের জন্ম দিলেও তার শরীর থেকে প্রচুর রক্তক্ষরণ হতে থাকে। ভুল অস্ত্রাপচারে চিকিৎসক রেক্সোনা পারভীন প্রসূতির জরায়ু নারী কেটে ফেলেন। এরপরে রক্তক্ষরণ বন্ধ না হওয়ায় বিকাল ৪ টার দিকে পুনরায় লাভলী বেগমকে নেওয়া হয় অপারেশন থিয়েটারে। প্রায় ৩ ঘন্টা ধরে চলা দ্বিতীয় অস্ত্রাপচারের কথা বলে অপারেশন থিয়েটারেই রাখা হয় লাভলী খাতুনকে। স্বজনরা এ সময় রোগীর অবস্থা সম্পর্কে জানতে চাইলে অপারেশন থিয়েটারের ভেতর থেকে বারবার জানানো হয় রোগী ভালো আছে। সেলাই শেষ করেই তাকে বেডে দেওয়া হবে। দীর্ঘ সময় পার হলেও রোগীকে অপারেশন থিয়েটার থেকে বের না করাই স্বজনদের মনে সন্দেহ জাগে। এরপর একজন অপারেশন থিয়েটারে প্রবেশ করে দেখেন রোগী অচেতন অবস্থায় পড়ে আছে। এ সময় চিকিৎসক রেক্সোনা পারভীন ইলোরা রোগীকে যশোরে রেফার্ড করেন। সেখানে চিকিৎসাধীন অবস্থায় গতকাল শনিবার ভোর রাতে মৃত্যু হয়।

লাভলী খাতুনের স্বামী এনামুল কবির জানান, দারুস-শেফা প্রাইভেট হাসপাতালের চিকিৎসক রেক্সোনা পারভীন ইলোরার ভূল চিকিৎসায় তার স্ত্রীর মৃত্যু হয়েছে। চিকিৎসক তার স্ত্রীর জরায়ু কেটে ফেলেছেন।

বিষয়টি জানতে চিকিৎসক রেক্সোনা পারভীন ইলোরার মোবাইলে ফোন দিলে সেটি বন্ধ পাওয়া যায়।

কালীগঞ্জ উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার আলমগীর হোসেন বলেন, দারুস- শেফা প্রাইভেট হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারের বিরুদ্ধে ভুক্তভোগীরা বিভিন্ন সময় অভিযোগ করলেও তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া সম্ভব হয়নি। কারণ ভুক্তভোগীরা ক্লিনিক মালিকের সঙ্গে রফা করে ফেলেন। তিনি বলেন রোগী মৃত্যুর ঘটনা শুনলাম, অবশ্যই এ ব্যাপারে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করব।

ঝিনাইদহের কালীগঞ্জে ট্রাক চাপায় কলেজ ছাত্র নিহত

ঝিনাইদহের কালীগঞ্জে ট্রাক চাপায় মোটরসাইকেল আরোহী সাহেদ আলী
(২০) নামের এক কলেজ ছাত্র নিহত হয়েছে। আজ বুধবার (৬মার্চ) সকালে কালীগঞ্জ পৌরসভার বিহারী মোড় নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নিহত সাহেদ উপজেলার ঈশ্বরবা গ্রামের রমজান আলীর ছেলে। এবছর এইচএসসি পাশ করে বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরিক্ষায় অংশ নিচ্ছে। ঘাতক ট্রাকটিকে আটক করেছে কালীগঞ্জ থানা পুলিশ।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, সকালে মোটরসাইকেল যোগে বাড়ি থেকে বেরিয়ে কালীগঞ্জ শহরে আসছিল সাহেদ আলী। পথিমধ্যে শহরের বিহারীমোড় নামক স্থানে পৌছালে সামনের দিক থেকে আসা রড বোঝাই একটি ট্রাকের সাথে মোটর সাইকেলটির মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু আজিফ জানান, কালীগঞ্জ পৌরসভার বিহারী মোড় নামক স্থানে ট্রাক চাপায় মোটরসাইকেল আরোহী সাহেদ আলী নামের এক কলেজ ছাত্রের মৃত্যু হয়েছে। পরিবারের পক্ষ থেকে কোন মামলা না করায় মৃতদেহ পরিবারের কাছে হস্তান্তর করেছে।